



VIOLENCE AGAINST WOMEN SURVEY KEY TERMINOLOGY




VIOLENCE AGAINST
WOMEN SURVEY
BANGLADESH 2024





**VIOLENCE AGAINST
WOMEN SURVEY**
BANGLADESH 2024



There is no universal consensus on the terminology used in the collection of data on violence against women. Definitions of many of the most commonly used terms vary historically and culturally, and also vary among organizations and sectors, such as among healthcare providers and legal professions. Definitions also vary among researchers of different disciplines. Some terms remain sensitive and contentious.

The definitions of the terms here reflect current common usage in collection of data on violence against women. Where possible, we have used United Nations definitions.

This document has been developed to enhance the contextual relevance of terms used for the 2024 Violence Against Women Survey in Bangladesh. Both English and Bangla versions are available. To prevent confusion arising from the lack of standardized Bangla translations, some terms remain in their original English form. Emphasis has been placed on providing clear Bangla definitions and explanations of these terms.

In the event of any discrepancy or ambiguity between the English and Bangla versions of this document, the English version shall be considered the definitive and authentic text.

This document includes photographs of the interviewers for the 2024 Violence Against Women survey. It does not feature photos of any survey respondents.

This document has been adapted from 'Measuring Prevalence of Violence against Women: Key Terminology' (2016) – authored by Dr. Henrica A.F.M. (Henriette) Jansen and published by the UNFPA Asia and the Pacific Regional Office. This knowledge product, an outcome of UNFPA's regional initiative kNOVAWDdata – funded by the government of Australia and implemented in partnership with the University of Melbourne, is readily accessible online and serves as a valuable resource for understanding standardized global terminology.¹

©UNFPA Bangladesh, February 2025

¹ Henrica A.F.M. (Henriette) Jansen, "Measuring Prevalence of Violence against Women: Key Terminology" (Bangkok, Thailand: UNFPA Asia and the Pacific Regional Office, 2016), <https://asiapacific.unfpa.org/en/publications/violence-against-women-key-terminology-knowvawdata>.



নারীর প্রতি সহিংসতার তথ্য সংগ্রহের ক্ষেত্রে ব্যবহৃত পরিভাষাসমূহের কোনো সর্বজনীন ঐক্যমত নেই। বহুল প্রচলিত শব্দগুলোর সংজ্ঞা বা ধারণা সময়ের সাথে সাথে এবং সংস্কৃতিগত পার্থক্যের উপর ভিত্তি করে পরিবর্তিত হয়। এছাড়াও স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং আইনি পেশার মত বিভিন্ন সংস্থা এবং সেক্টরের মধ্যেও সংজ্ঞাগত ধারণায় ভিন্নতা রয়েছে। আবার ভিন্ন ভিন্ন শাখার গবেষকদের মধ্যেও সংজ্ঞার ব্যবহারে পরিবর্তন দেখা যায়। তারপরও কিছু সংজ্ঞা সংবেদনশীল এবং বিতর্কিত থেকেই যায়।

নারীর প্রতি সহিংসতার উপর তথ্য সংগ্রহের ক্ষেত্রে বর্তমানে বহুল ব্যবহৃত পরিভাষাগুলির সংজ্ঞাই এখানে প্রতিফলিত হয়েছে। যেখানে যেখানে সম্ভব, আমরা জাতিসংঘের সংজ্ঞা ব্যবহার করেছি।

এই ডকুমেন্টটি বাংলাদেশে ‘নারীর প্রতি সহিংসতা জরিপ ২০২৪’ এ ব্যবহৃত পরিভাষাসমূহের সুস্পষ্ট ধারণা ও প্রাসঙ্গিকতা বৃদ্ধিতে প্রস্তুত করা হয়েছে। এটি ইংরেজি এবং বাংলা উভয় সংস্করণেই প্রণয়ন করা হয়েছে। উল্লেখ্য যে, এখানে কিছু ইংরেজি শব্দ রয়েছে যেগুলোর সর্বজন গৃহীত বাংলা পরিভাষা পাওয়া দুষ্কর। তাই এসব শব্দ মূল ইংরেজি শব্দ হিসেবেই রাখা হয়েছে যাতে করে কোনোরূপ অস্পষ্টতা বা বিভ্রান্তির সৃষ্টি না হয়। এই শব্দগুলোর ক্ষেত্রে বিস্তারিত বাংলা সংজ্ঞা ও সুস্পষ্ট ব্যাখ্যার উপর জোর দেয়া হয়েছে।

এই ডকুমেন্টের ইংরেজি এবং বাংলা সংস্করণের মধ্যে কোনো অসঙ্গতি বা অস্পষ্টতা পরিলক্ষিত হলে ইংরেজি সংস্করণটিকে চূড়ান্ত ও প্রামাণিক পাঠ্য হিসাবে বিবেচনা করা হবে।

উল্লেখ্য যে, এই ডকুমেন্টটিতে ২০২৪ সালের নারীর প্রতি সহিংসতা জরিপের সাক্ষাৎকার গ্রহণকারীদের ছবি অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে জরিপে অংশগ্রহণকারীদের কোনো ছবি নেই।

এই ডকুমেন্টটি ড. হেনরিকা এ.এফ.এম (হেনরিয়েট) জ্যানসেন কর্তৃক লিখিত এবং অস্ট্রেলিয়া সরকারের অর্থায়নে ইউএনএফপিএ এশিয়া-প্যাসিফিক আঞ্চলিক অফিস এবং মেলবোর্ন বিশ্ববিদ্যালয় দ্বারা যৌথভাবে বাস্তবায়িত kNOVAData নামক উদ্যোগের প্রকাশনা ‘Measuring Prevalence of Violence against Women: Key Terminology’ (2016) থেকে সংগৃহীত হয়েছে। ডকুমেন্টটি অনলাইনে সহজেই পাওয়া যাবে, এবং বৈশ্বিক পরিভাষাসমূহ বোঝার জন্য একটি অত্যন্ত মূল্যবান সহায়িকা হিসাবে কাজ করবে।

© ইউএনএফপিএ বাংলাদেশ, ফেব্রুয়ারি ২০২৫

1 Henrica A.F.M. (Henriette) Jansen, “Measuring Prevalence of Violence against Women: Key Terminology” (Bangkok, Thailand: UNFPA Asia and the Pacific Regional Office, 2016), <https://asiapacific.unfpa.org/en/publications/violence-against-women-key-terminology-knowvawdata>.

CONTENTS

1. UMBRELLA TERMS	06
1.1. Violence Against Women	
1.2. Gender-based Violence	
1.3. Technology-facilitated gender-based violence (TFGBV)	
2. PARTNER	12
2.1. Intimate Partner	
2.2. Non-partner	
2.3. Intimate Partner Violence	
2.4 Non-partner Violence	
2.5 Domestic Violence	
2.6 Ever-married Women	
3. TYPES OF VIOLENCE MEASURED IN THE 2024 VAW SURVEY	20
3.1. How Violence is Measured	
3.2. Technology-facilitated gender-based violence (TFGBV)	
3.3 Cost of Violence	
4. TERMINOLOGY RELATED TO THE REPORTING OF RESULTS	28
4.1. Prevalence	
4.2 Incidence/Incidents/Frequency	
4.3 Reference Periods for Experience of Violence	
5. TERMINOLOGY ON 'GENDER,' 'SEX,' 'NORMS,' AND OTHERS	34
5.1 Gender	
5.2 Gender Roles	
5.3 Gender Norms	
5.4 Sex	
5.5 Masculinities	
5.6 Attitudes, Beliefs, Behaviors, Norms	

সূচিপত্র

১ . আমবেলা টার্মস বা ধারণাগত পরিভাষাসমূহ	০৭
১.১ নারীর প্রতি সহিংসতা	
১.২ জেডার-ভিত্তিক সহিংসতা	
১.৩ প্রযুক্তির সহায়তায় জেডার-ভিত্তিক সহিংসতা	
২. সঙ্গী	১৩
২.১ জীবনসঙ্গী	
২.২ নন-পার্টনার (জীবনসঙ্গী ব্যতীত অন্য কেউ)	
২.৩ বর্তমান বা প্রাক্তন স্বামী কর্তৃক সহিংসতা	
২.৪ নন-পার্টনার সহিংসতা	
২.৫ পারিবারিক সহিংসতা	
২.৬ এভার-ম্যারিড নারী	
৩. নারীর প্রতি সহিংসতা জরিপ ২০২৪-এ পরিমাপকৃত সহিংসতার ধরনসমূহ	২১
৩.১ সহিংসতা কীভাবে পরিমাপ করা হয়	
৩.২ প্রযুক্তির সহায়তায় সংঘটিত জেডার ভিত্তিক সহিংসতা	
৩.৩ সহিংসতার সাথে সংশ্লিষ্ট খরচ	
৪. জরিপের ফলাফল সম্পর্কিত পরিভাষা	২৯
৪.১ ব্যাপকতা	
৪.২ ঘটনা/ঘটনার পৌনঃপুনিকতা	
৪.৩ সহিংসতা অভিজ্ঞতার রেফারেন্স সময়কাল	
৫. জেডার, সেক্স, নর্মস এবং অন্যান্য পরিভাষা	৩৫
৫.১ জেডার	
৫.২ জেডার রোল বা ভূমিকা	
৫.৩ জেডার নর্মস	
৫.৪ সেক্স	
৫.৫ পৌরষ	
৫.৬ মনোভাব, বিশ্বাস, আচরণ, নর্মস	

UMBRELLA TERMS

The following terms are commonly used interchangeably, although they are not exactly the same. The terms originate from various disciplines and conceptual backgrounds, and they continue to evolve.

1.1 Violence Against Women

Violence against women (VAW) is defined by the United Nations as any act of gender-based violence that results in, or is likely to result in, physical, sexual, or psychological harm or suffering to women, including threats of such acts, coercion or arbitrary deprivation of liberty, whether occurring in public or private life.

In the context of the 2024 VAW survey in Bangladesh, this term encompasses, but is not limited to:

- ▶ Physical, sexual, economic and psychological violence occurring in the family, dowry-related violence, and other traditional practices harmful to women.
- ▶ Non-spousal (i.e. non-partner) violence and violence related to exploitation.
- ▶ Physical, sexual and psychological violence occurring within the general community, including rape, sexual abuse, sexual harassment and intimidation at work, in educational institutions and elsewhere, including online spaces.

আমবেলা টার্মস বা ধারণাগত পরিভাষাসমূহ

নিম্নলিখিত পরিভাষা সাধারণত পরস্পর পরিবর্তনযোগ্যভাবে ব্যবহৃত হয়, যদিও এগুলোর অর্থ সম্পূর্ণ এক না। পরিভাষাগুলো বিভিন্ন বিষয় এবং বিভিন্ন ধারণাগত পটভূমি থেকে উদ্ভূত, এবং এগুলো প্রতিনিয়ত পরিবর্তিত হতে থাকে।

১.১ নারীর প্রতি সহিংসতা

জাতিসংঘ কর্তৃক নারীর প্রতি সহিংসতাকে এভাবে সংজ্ঞায়িত করা হয়েছে যে ‘জৈভারভিত্তিক সহিংসতার এমন কোন আচরণ বা কাজ যা নারীদের শারীরিক, যৌন বা মানসিক ক্ষতিসাধন করে বা ক্ষতির কারণ হতে পারে। এর মধ্যে এমন আচরণ বা কাজের হুমকিসহ জবরদস্তি বা ইচ্ছার বিরুদ্ধে নির্বিচারে স্বাধীনতা হরণ অন্তর্ভুক্ত, তা প্রকাশ্যে বা ব্যক্তিগত জীবনে যেখানেই ঘটুক না কেন।’

বাংলাদেশে নারীর প্রতি সহিংসতা জরিপ ২০২৪-এ, সহিংসতা বলতে নিম্নে উল্লিখিত বিষয়সমূহ বুঝায়, তবে এর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- ▶ পরিবারে সংঘটিত নারীর প্রতি শারীরিক, যৌন, অর্থনৈতিক ও মানসিক সহিংসতা, যৌতুক-সম্পর্কিত সহিংসতা এবং নারীর জন্য ক্ষতিকর অন্য কোনো প্রথাগত অনুশীলন/চর্চা।
- ▶ স্বামী ব্যতীত অন্য কোনো ব্যক্তি দ্বারা সংঘটিত সহিংসতা এবং শোষণ সম্পর্কিত সহিংসতা।
- ▶ সমাজসহ কর্মক্ষেত্র, শিক্ষাপ্রতিষ্ঠান বা অন্য যেকোন জায়গায়, এমনকি অনলাইনে সংঘটিত, শারীরিক, মানসিক ও যৌন সহিংসতা যার মধ্যে রয়েছে ধর্ষণ, যৌন নিপীড়ন, যৌন হয়রানী ও হুমকি।

1.2 Gender-based Violence

Gender-based violence (GBV), in its original meaning, is violence that is directed against a woman because she is a woman, or violence that affects women disproportionately. It includes acts that inflict physical, mental or sexual harm or suffering, threats of such acts, coercion and other deprivations of liberty.

While the terms 'gender-based violence' and 'violence against women' are frequently used interchangeably in literature and by advocates, the term 'gender-based violence' highlights the gender dimension, in other words, the relationship between (1) women's subordinate status in society and (2) their increased vulnerability to violence because of unequal power relations and gender roles. The use of the term 'gender-based violence' provides a context in which to examine and understand the phenomenon of violence against women. It shifts the focus from women as victims to gender and the unequal power relationships between women and men created and maintained by gender stereotypes as the basic underlying cause of violence against women.

This also means that women can experience gender-based violence perpetrated by other women to reinforce the patriarchal order, as for example from their own mother or their mother-in-law.

There are various, shifting, and at times conflicting, views on what gender-based violence is and what it is not. While for some, gender-based violence is synonymous with violence against women, for others, GBV is violence perpetrated against women, girls, men and boys to assert and reproduce gender roles and norms.

১.২ জেডার-ভিত্তিক সহিংসতা

জেডার-ভিত্তিক সহিংসতা (জিবিভি), এর মূল অর্থ হল, শুধুমাত্র নারী হওয়ার কারণে একজন নারীর বিরুদ্ধে সংঘটিত সহিংসতা, অথবা অসামঞ্জস্যপূর্ণভাবে নারীদেরকেই অধিকতর ক্ষতিগ্রস্ত করে এমন সহিংসতা। শারীরিক, মানসিক বা যৌন ক্ষতি হয় এমন আচরণ করা বা করার হুমকি দেয়া, জোর-জবরদস্তি করা এবং স্বাধীনভাবে জীবনযাপনে বাধা প্রদানের মত কাজগুলো এর অন্তর্ভুক্ত।

যদিও ‘জেডার-ভিত্তিক সহিংসতা’ এবং ‘নারীর প্রতি সহিংসতা’ শব্দগুলি প্রায়শই গবেষণায় এবং এক্টিভিস্টদের কথায় পরস্পর পরিবর্তনযোগ্যভাবে ব্যবহৃত হয়, তবে ‘জেডার-ভিত্তিক সহিংসতা’ শব্দটি মূলত জেডারের মাত্রাকে তুলে ধরে। অর্থাৎ, ‘জেডার-ভিত্তিক সহিংসতা’ বললে একই সাথে উঠে আসে (১) সমাজে নারীর অধস্তনতা এবং (২) ক্ষমতার অসম সম্পর্ক ও সমাজ-সংস্কৃতি কর্তৃক নির্ধারিত বিভিন্ন জেডার রোল, আচরণ, বিশ্বাসের ফলে সাধারণভাবে নারীর ঝুঁকিপূর্ণ অবস্থা বা সুরক্ষার অভাব।

‘জেডার-ভিত্তিক সহিংসতা’ শব্দটির ব্যবহার এমন একটি প্রেক্ষাপট প্রদান করে যেখানে ‘নারীর প্রতি সহিংসতা’-এর ঘটনাটি পরীক্ষা করা এবং বোঝা যায়। এটি নারীকে কেবল সহিংসতার ভিক্টিম বা ক্ষতিগ্রস্ত হিসেবে দেখায় না, বরং নারীর প্রতি সহিংসতার মৌলিক অন্তর্নিহিত কারণ হিসেবে নারী-পুরুষের মধ্যকার অসম ক্ষমতার সম্পর্ক সৃষ্টিকারী জেডার স্টেরিওটাইপগুলোর উপরও দৃষ্টিপাত করে।

এর মানে এটিও যে, পুরুষতান্ত্রিকতাকে সুদৃঢ় রাখার প্রক্রিয়ায় নারীরাও অন্যান্য নারীদের দ্বারা জেডার-ভিত্তিক সহিংসতার শিকার হতে পারে, যেমন - তাদের নিজের মা কিংবা শাশুড়ির দ্বারা।

জেডার-ভিত্তিক সহিংসতা “কী” এবং “কী নয়” সে বিষয়ে ভিন্ন ভিন্ন মতামত রয়েছে, যদিও এসব মতামত পরিবর্তনশীল এবং ক্ষেত্রবিশেষে বিরোধপূর্ণ। কেউ কেউ মনে করেন, জেডার-ভিত্তিক সহিংসতা নারীর প্রতি সংঘটিত সহিংসতার সমার্থক, আবার অনেকের কাছে, জেডার-ভিত্তিক সহিংসতা হল জেডার রোল ও জেডার নিয়মকে জোরালো ও পুনঃপ্রতিষ্ঠা করার জন্য নারী, মেয়ে, পুরুষ এবং ছেলেদের প্রতি সংঘটিত সহিংসতা।

1.3 Technology-facilitated gender-based violence (TFGBV)

UNFPA defines TFGBV as “an act of violence perpetrated by one or more individuals that is committed, assisted, aggravated and amplified in part or fully by the use of information and communication technologies or digital media, against a person on the basis of their gender.”²

When it comes to TFGBV, there are two key facts to remember:

It is gendered, with women and girls being the primary targets.

It is broader than online or cyber violence, and while it can take place online and in digital spaces, it can also be perpetrated through any type of technology – old and new – such as phones, GPS tracking devices, drones or recording devices that are not necessarily connected to the Internet.³

² UNFPA, “Brochure: What is Technology-Facilitated Gender-Based Violence?” (2023)

³ Ibid

১.৩ প্রযুক্তির সহায়তায় জেন্ডার-ভিত্তিক সহিংসতা (TFGBV)

এটি হল এমন সহিংসতা, যা আংশিক বা সম্পূর্ণরূপে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বা ডিজিটাল মিডিয়া ব্যবহার করে এক বা একাধিক ব্যক্তি দ্বারা সংঘটিত হতে পারে। এছাড়াও প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সহিংসতায় সহায়তা করা বা এর তীব্রতা বৃদ্ধি করার মতো কাজও এর অন্তর্ভুক্ত। অন্যান্য জেন্ডার-ভিত্তিক সহিংসতার মতো এটিও জেন্ডারের ভিত্তিতে কোনো ব্যক্তির বিরুদ্ধে সংঘটিত হয়।²

প্রযুক্তির সহায়তায় জেন্ডার-ভিত্তিক সহিংসতার (TFGBV) ক্ষেত্রে দুটি ব্যাপার মনে রাখতে হবে:

এটি জেন্ডারের ভিত্তিতে সংঘটিত হয় যেখানে প্রাথমিক টার্গেট থাকে নারী এবং মেয়েরা।

এটি কেবলমাত্র অনলাইন বা সাইবার সহিংসতার মধ্যেই সীমাবদ্ধ নয়; বরং আরও বিস্তৃত। এটি অনলাইনে এবং ডিজিটাল স্পেসে সংঘটিত হতে পারে, এটি যেকোনো ধরনের নতুন ও পুরাতন প্রযুক্তি/ডিভাইসের মাধ্যমেও সংঘটিত হতে পারে - যেমন ফোন, জিপিএস ট্র্যাকিং ডিভাইস, ড্রোন বা রেকর্ডিং ডিভাইস যা সবসময় ইন্টারনেটের সাথে সংযুক্ত নাও হতে পারে।³

2 UNFPA, "Brochure: What is Technology-Facilitated Gender-Based Violence?" (2023)

3 Ibid



PARTNER

2.1 Intimate Partner

An intimate partner is a person with whom one has a close personal relationship that may be characterized by the partners' (1) emotional connectedness, (2) regular contact, (3) on-going physical contact and sexual behaviour, (4) identity as a couple or (5) familiarity with and knowledge about each other's lives. The relationship need not involve all of these dimensions.

In both the cultural and legal context of Bangladesh, as well as in the Violence against Women surveys, 'intimate partner' refers to the respondent's **current or former husband** from the time they were married.

In surveys conducted in other cultural contexts, intimate partner relationships may encompass current or former spouses (married, common-law, civil union, or domestic partners), boyfriends/girlfriends, dating partners, and ongoing sexual partners.

Notably, in work on violence against women, the term 'partner' is often used as a short term for 'intimate partner.'

সঙ্গী

২.১ জীবনসঙ্গী

‘Intimate Partner’ বা জীবনসঙ্গী হল এমন ব্যক্তি যার সাথে অপর ব্যক্তির ঘনিষ্ঠ ব্যক্তিগত সম্পর্ক রয়েছে। এই সম্পর্ক তাদের মধ্যে বিদ্যমান (১) মানসিক সংযোগ, (২) নিয়মিত যোগাযোগ, (৩) চলমান শারীরিক সম্পর্ক এবং যৌন আচরণ, (৪) দম্পতি হিসাবে পরিচিতি বা (৫) একে অপরের সাথে জানা শোনা ও একে অপরের জীবন সম্পর্কে পূর্ণ ধারণা দ্বারা চিহ্নিত করা যায়।

এ ধরনের সম্পর্কের ক্ষেত্রে উপরের সবগুলো বিষয় একইসাথে থাকতেও পারে, আবার নাও থাকতে পারে।

‘Intimate partner’ শব্দটি বাংলা ভাষায় হয়ত ‘জীবনসঙ্গী’ হিসেবে অনুবাদ করা যায়। তবে এই জরিপে বাংলাদেশের সাংস্কৃতিক ও আইনগত প্রেক্ষাপট অনুযায়ী ‘জীবনসঙ্গী’ বলতে বিবাহের পর থেকে উত্তরদাতার বর্তমান বা প্রাক্তন স্বামীকে বোঝায়।

অন্যান্য সাংস্কৃতিক প্রেক্ষাপটে পরিচালিত বিভিন্ন জরিপে, জীবনসঙ্গী সম্পর্কের মধ্যে বর্তমান বা প্রাক্তন স্বামী/স্ত্রী, বয়ফ্রেন্ড/গার্লফ্রেন্ড, ডেটিং সঙ্গী এবং বর্তমান যৌন সঙ্গী অন্তর্ভুক্ত থাকে।

উল্লেখ্য যে, নারীর প্রতি সহিংসতা নিয়ে কাজ করার ক্ষেত্রে, ‘partner’ শব্দটি প্রায়শই ‘intimate partner’-এর জন্য একটি সংক্ষিপ্ত শব্দ হিসাবে ব্যবহৃত হয়।

2.2 Non-partner

In surveys on violence against women, the term ‘non-partners’ is used for anyone who is not perceived to be a ‘partner’ according to the way the term ‘partner’ is understood in that country or context. ‘Non-partners’ can therefore include parents, in-laws and other relatives, friends, neighbours, colleagues, acquaintances and strangers. In the context of 2024 VAW survey in Bangladesh, ‘non-partner’ refers to anyone other than the respondent’s current or former husband that she has come into contact with since the age of 15.

2.3 Intimate Partner Violence

Intimate Partner Violence (IPV) usually consists of a pattern of assaultive and coercive behaviours, including physical, sexual and psychological attacks, as well as economic coercion, by a current or former intimate partner.

Garcia-Moreno et al define intimate partner violence as “behaviour in an intimate relationship that causes physical, sexual or psychological harm, including physical aggression, sexual coercion, and psychological abuse and controlling behaviours.”⁴

Generally, surveys generate data on women’s experience of five forms of intimate partner violence:

*physical violence,
sexual violence,
emotional violence,
controlling behaviours, and
economic violence.*

Notably, psychological violence refers to both ‘emotional violence’ and/or ‘controlling behaviours’, although composite indicators for the purpose of the SDGs are usually limited to physical, sexual and emotional violence. In the context of Bangladesh, five forms of violence are thus measured by this survey: physical violence, sexual violence, economic violence, emotional violence, and controlling behaviours.

⁴ Claudia Garcia-Moreno, Henrica A. F. M. Jansen, Mary Ellsberg, Lori Heise, and Charlotte Watts, *WHO Multi-Country Study on Women’s Health and Domestic Violence against Women: Initial Results on Prevalence, Health Outcomes and Women’s Responses* (Geneva: World Health Organization, 2005).

২.২ নন-পার্টনার

নারীর প্রতি সহিংসতা জরিপে, 'নন-পার্টনার' শব্দটি এমন যেকোন ব্যক্তির জন্য ব্যবহার করা হয় যাকে সেই দেশ বা প্রেক্ষাপটে 'সঙ্গী' বলতে যেভাবে বোঝায় সে অনুযায়ী 'সঙ্গী' বলে মনে করা হয় না। 'নন-পার্টনার' বলতে তাই পিতামাতা, শ্বশুর-শাশুড়ি, আত্মীয়, বন্ধু, প্রতিবেশী, সহকর্মী, পরিচিত এবং অপরিচিতদের অন্তর্ভুক্ত করা যেতে পারে।

বাংলাদেশে নারীর প্রতি সহিংসতা জরিপ ২০২৪ এর পরিপ্রেক্ষিতে, 'নন-পার্টনার' বলতে উত্তরদাতার বর্তমান বা প্রাক্তন স্বামী ছাড়া অন্য যে কাউকে বোঝায় যার সাথে সে ১৫ বছর বয়সের পর যেকোনো সময় সংস্পর্শে এসেছে।

২.৩ বর্তমান বা প্রাক্তন স্বামী কর্তৃক সহিংসতা

বৈশ্বিকভাবে সাধারণত জীবনসঙ্গী কর্তৃক সহিংসতা (IPV) হল এমন একটি আচরণগত প্যাটার্ন, যা শারীরিক, যৌন এবং মানসিক আক্রমণ, পাশাপাশি আর্থিক জোর-জবরদস্তি অন্তর্ভুক্ত করে, যা বর্তমান বা প্রাক্তন ঘনিষ্ঠ সঙ্গীর দ্বারা সংঘটিত হয়।

গার্সিয়া-মোরেনো ও অন্যান্যরা তাদের গবেষণায় জীবনসঙ্গী কর্তৃক সহিংসতাকে অন্তর্ভুক্ত বা বৈবাহিক সম্পর্কের মধ্যে সংঘটিত আচরণ যা শারীরিক আক্রমণ, জোরপূর্বক যৌন সম্পর্ক স্থাপন, মানসিক নির্যাতন এবং নিয়ন্ত্রণমূলক আচরণ যা শারীরিক, যৌন বা মানসিক ক্ষতির কারণ হয় বলে সংজ্ঞায়িত করেছেন।⁴

সাধারণত, জরিপগুলোতে নারীরা তার জীবনসঙ্গী দ্বারা যেসব সহিংসতার শিকার হয় তার মধ্যে পাঁচ ধরনের সহিংসতার উপর তথ্য উপাত্ত প্রতিফলিত হয়ে থাকে:

শারীরিক সহিংসতা,
যৌন সহিংসতা,
মানসিক সহিংসতা,
নিয়ন্ত্রণমূলক আচরণ এবং
অর্থনৈতিক সহিংসতা।

উল্লেখ্য যে, মনস্তাত্ত্বিক সহিংসতা বলতে মানসিক নির্যাতন এবং/অথবা নিয়ন্ত্রণমূলক আচরণ উভয়কে বোঝায়, যদিও SDG-এর উদ্দেশ্যে তৈরী যৌগিক সূচকগুলি সাধারণত শারীরিক, যৌন এবং মানসিক সহিংসতার মধ্যে সীমাবদ্ধ থাকে। বাংলাদেশের প্রেক্ষাপটে, এই জরিপের মাধ্যমে জীবনসঙ্গী (বর্তমান বা প্রাক্তন স্বামী) কর্তৃক সহিংসতার পাঁচটি রূপ পরিমাপ করা হয়েছে: শারীরিক সহিংসতা, যৌন সহিংসতা, অর্থনৈতিক সহিংসতা, মানসিক সহিংসতা এবং নিয়ন্ত্রণমূলক আচরণ।

4 Claudia Garcia-Moreno, Henrica A. F. M. Jansen, Mary Ellsberg, Lori Heise, and Charlotte Watts, *WHO Multi-Country Study on Women's Health and Domestic Violence against Women: Initial Results on Prevalence, Health Outcomes and Women's Responses* (Geneva: World Health Organization, 2005).

2.4 Non-partner Violence

In the context of Bangladesh, non-partner violence refers to **physical and sexual violence** perpetrated by anyone other than the current or former husband. It will include a list of non-partner types based on prevalence, such as specific family members, friends, acquaintances, strangers and others, that the woman has come into contact with since the age of 15.

Notably, indicators for economic violence, emotional violence, and controlling behavior are measured only in the context of marriage under intimate-partner violence.

2.5 Domestic Violence

Domestic violence (DV) refers to abusive behaviour (physical, sexual, emotional violence and neglect) that occurs within the private, domestic sphere, generally between individuals who are related through blood or intimacy.

Legal definitions of domestic violence vary among countries; they can also include violence against domestic workers who live in the same household.

In most contexts, 'intimate partner violence' (IPV) is the main type of domestic violence, but in some societies violence by in-laws can also be the most dominant form.

The term, 'domestic violence' should be used carefully in order to avoid confusion, since (1) it overlaps with 'intimate partner violence' and 'gender-based violence' and (2) it is not confined to women. For example, domestic violence also includes child abuse and elderly abuse in the domestic sphere. Thus, the prevalence rate of intimate partner violence should not be mistaken for that of domestic violence.

২.৪ নন-পার্টনার সহিংসতা

বাংলাদেশের প্রেক্ষাপটে, নন-পার্টনার সহিংসতা বলতে একজন নারীর প্রতি তার বর্তমান বা প্রাক্তন স্বামী ব্যতীত অন্য কারো দ্বারা সংঘটিত শারীরিক এবং যৌন সহিংসতা বোঝায়।

সহিংসতার ব্যাপকতার উপর ভিত্তি করে নন-পার্টনারের প্রকারের একটি তালিকা জরিপের রিপোর্টে অন্তর্ভুক্ত করা আছে, যেমন-পরিবারের নির্দিষ্ট সদস্য, বন্ধু, পরিচিত ব্যক্তি, অপরিচিত ব্যক্তি এবং এছাড়াও ১৫ বছর বয়সের পর যেসব ব্যক্তির সম্পর্কে এসেছে এমন ব্যক্তি।

উল্লেখ্য যে, অর্থনৈতিক সহিংসতা, মানসিক সহিংসতা এবং নিয়ন্ত্রণমূলক আচরণের সূচকগুলি শুধুমাত্র বর্তমান বা প্রাক্তন স্বামী কর্তৃক সহিংসতার ক্ষেত্রে পরিমাপ করা হয়, অর্থাৎ এগুলো নন-পার্টনার সহিংসতার অন্তর্ভুক্ত নয়।

২.৫ পারিবারিক সহিংসতা

পারিবারিক সহিংসতা বলতে সাধারণত রক্তসম্পর্ক বা বৈবাহিক সূত্রে সম্পর্কিত ব্যক্তিদের দ্বারা সংঘটিত নিপীড়নমূলক আচরণ (শারীরিক, যৌন, মানসিক সহিংসতা এবং অবহেলা) বোঝায় যা একান্তে, কিংবা পারিবারিক পরিমণ্ডলের মধ্যে সংঘটিত হয়ে থাকে।

দেশভেদে পারিবারিক সহিংসতার আইনি সংজ্ঞা ভিন্ন হয়ে থাকে: কোনো কোনো দেশে অনেক সময় একই পরিবারের সাথে বসবাসকারী গৃহকর্মীর বিরুদ্ধে সংঘটিত সহিংসতাকেও পারিবারিক সহিংসতার অন্তর্ভুক্ত হয়ে থাকে।


বেশিরভাগ ক্ষেত্রে, জীবনসঙ্গী কর্তৃক সহিংসতাকে পারিবারিক সহিংসতার প্রধান ধরন হিসেবে গণ্য করা হয়, কিন্তু কিছু সমাজে শ্বশুরবাড়ির লোকজন কর্তৃক সহিংসতাও পারিবারিক সহিংসতার ক্ষেত্রে সবচেয়ে অগ্রগণ্য হতে পারে।

বিভ্রান্তি এড়াতে পারিবারিক সহিংসতা শব্দটি সতর্কভাবে ব্যবহার করা উচিত, যেহেতু (১) এটি জীবনসঙ্গী কর্তৃক সহিংসতা এবং জেন্ডার-ভিত্তিক সহিংসতার সাথে ওতপ্রোতভাবে জড়িত এবং (২) এটি নারীদের মধ্যে সীমাবদ্ধ নয়। উদাহরণস্বরূপ, পারিবারিক সহিংসতার মধ্যে শিশুর প্রতি সহিংসতা এবং পারিবারিক পরিমণ্ডলে বয়স্কদের প্রতি সংঘটিত সহিংসতাও অন্তর্ভুক্ত। তাই, জীবনসঙ্গী কর্তৃক সহিংসতার ব্যাপকতার হারকে পারিবারিক সহিংসতার সাথে গুলিয়ে ফেলা যাবে না।

2.6 Ever-married Women

Ever-married women refers to women who have been married at least once in their lifetime, regardless of their current marital status. This includes those who are currently married, divorced, separated, or widowed.


Overlap among violence against women, gender-based violence, domestic violence and intimate partner violence against women



২.৬ এভার-ম্যারিড নারী

এভার-ম্যারিড নারী বলতে এমন নারীদের বোঝায় যাদের জীবনে অন্তত একবার বিয়ে হয়েছে। এর মধ্যে রয়েছে যারা বর্তমানে বিবাহিত, তালাকপ্রাপ্ত, বিচ্ছিন্ন বা বিধবা।

নারীর প্রতি সহিংসতা, জেডার ভিত্তিক সহিংসতা, পারিবারিক সহিংসতা এবং বর্তমান বা প্রাক্তন স্বামী কর্তৃক সহিংসতার মধ্যে পারস্পরিক সাদৃশ্য



TYPES OF VIOLENCE MEASURED IN 2024 VAW SURVEY

Intimate partner violence or abuse generally includes the following major types of violence:

- ▶ physical violence;
- ▶ sexual violence;
- ▶ economic violence;
- ▶ Psychological violence (emotional violence and/or controlling behaviours)

Notably, only physical and sexual violence are measured under non-partner violence.

Physical Violence

‘Physical violence’ refers to the intentional use of physical force with the potential for causing death, injury or harm.

নারীর প্রতি সহিংসতা জরিপ ২০২৪-এ পরিমাপকৃত সহিংসতার ধরনসমূহ

জীবনসঙ্গী (অর্থাৎ বর্তমান বা প্রাক্তন স্বামী) কর্তৃক সহিংসতা বা নিপীড়নের মধ্যে সাধারণত নিম্নোক্ত প্রধান প্রধান সহিংসতা অন্তর্ভুক্ত থাকে:

- ▶ শারীরিক সহিংসতা;
- ▶ যৌন সহিংসতা;
- ▶ অর্থনৈতিক সহিংসতা;
- ▶ মনস্তাত্ত্বিক সহিংসতা (মানসিক সহিংসতা এবং/অথবা নিয়ন্ত্রণমূলক আচরণ)

এখানে উল্লেখ্য যে নন-পার্টনার সহিংসতার ক্ষেত্রে শুধু শারীরিক এবং যৌন সহিংসতা পরিমাপ করা হয়েছে।

শারীরিক সহিংসতা

শারীরিক সহিংসতা বলতে শারীরিকভাবে আঘাত পাওয়া, আহত হওয়া বা মৃত্যু হতে পারে এমন উদ্দেশ্য নিয়ে শারীরিক শক্তি প্রয়োগ করা বুঝায়।

Sexual Violence

Sexual violence refers to any sexual act or attempt to obtain a sexual act, or unwanted sexual comments or acts to traffic that are directed against a woman's sexuality using coercion by anyone, regardless of their relationship to the survivor, in any setting, including at home and at work.

Rape: It is the term that is commonly used for the first type of sexual violence mentioned above (forced/coerced intercourse). Rape can be generally defined as non-consensual sexual penetration, however slight, of any part of the body of the survivor with a sexual organ, or of the anal or genital opening of the victim with any object or any other part of the body. The invasion is committed by force, or by threat of force or coercion, such as that caused by fear of violence, duress, detention, psychological oppression or abuse of power, against such person or another person, or by taking advantage of a coercive environment, or committed against a person incapable of giving genuine consent.

Psychological Violence

'Psychological violence' refers to any act or omission that damages the self-esteem, identity or development of the individual. It includes, but is not limited to, humiliation, threatening loss of custody of children, forced isolation from family or friends, threatening to harm the individual or someone they care about, repeated yelling or degradation, inducing fear through intimidating words or gestures, controlling behaviour, and the destruction of possessions.

In this survey, it is broken down into emotional violence and controlling behaviors.

Economic Violence

'Economic violence' includes denying a woman access to and control over basic resources.⁵ It causes, or attempts to cause, an individual to become financially dependent on another person, by obstructing their access to or control over resources and/or independent economic activity. It includes acts such as the denial of funds, refusal to contribute financially, denial of food and basic needs, and controlling access to health care or employment.

⁵ United Nations General Assembly, *In-Depth Study on All Forms of Violence against Women: Report of the Secretary-General, A/61/122/Add.1* (New York: United Nations, 2006).

যৌন সহিংসতা

যৌন সহিংসতা বলতে একজন নারীর ইচ্ছার বিরুদ্ধে তার সাথে জোরপূর্বক যেকোন যৌন আচরণ বা যৌন সম্পর্ক স্থাপনের চেষ্টা, অযাচিত যৌন মন্তব্য বা যৌন অঙ্গভঙ্গি করাকে বুঝায়। এটি বাড়িসহ যে কোনও পরিবেশে এমনকি কর্মক্ষেত্রেও সংঘটিত হতে পারে।

ধর্ষণ: এটি সাধারণত উপরে উল্লিখিত প্রথম ধরনের যৌন সহিংসতার জন্য প্রযোজ্য (জোরপূর্বক/ইচ্ছার বিরুদ্ধে সহবাস)। সাধারণত এটি সার্ভাইভারের অনুমতি ছাড়া তার যৌনাঙ্গ বা পায়ুপথে যৌনাঙ্গ বা কোন বস্তু দ্বারা যৌন অনুপ্রবেশ হিসাবে সংজ্ঞায়িত করা হয়। ধর্ষণ বলপ্রয়োগে বা বলপ্রয়োগের ভয় দেখিয়ে, চাপ প্রয়োগ করে, আটক রেখে মানসিক নিপীড়ন কিংবা ক্ষমতার অপব্যবহার করে, জ্বরদস্তিমূলক পরিবেশ সৃষ্টি করে, কিংবা সম্মতি দিতে অক্ষম এমন ব্যক্তির উপর জোরপূর্বক শক্তি প্রদর্শন করে বা হুমকি দিয়ে সংঘটিত হয়।

মনস্তাত্ত্বিক সহিংসতা

‘মনস্তাত্ত্বিক সহিংসতা’ বলতে এমন কোনো কাজ বা বধনাকে বোঝায় যা ব্যক্তির আত্মসম্মান, পরিচয় বা বিকাশকে ক্ষতিগ্রস্ত করে। এর মধ্যে অনেকগুলো কাজ বা আচরণ রয়েছে - অপমান, শিশুদের হেফাজত হারানোর হুমকি, পরিবার বা বন্ধুদের কাছ থেকে জোরপূর্বক আলাদা করে দেয়া, প্রিয় মানুষের ক্ষতিসাধনের হুমকি, বারবার চিৎকার-চেষ্টামেচি বা অবদমিত করা, ভয় দেখানো, হুমকি দিয়ে বা অঙ্গভঙ্গির মাধ্যমে ভয় জাগানো, নিয়ন্ত্রণমূলক আচরণ করা এবং সম্পত্তি বিনষ্ট করা।

এই জরিপে এটি ‘মানসিক সহিংসতা এবং নিয়ন্ত্রণমূলক আচরণে বিভক্ত।

অর্থনৈতিক সহিংসতা

‘অর্থনৈতিক সহিংসতা’ এর মধ্যে রয়েছে মৌলিক সম্পদে নারীর অ্যাক্সেস ও নিয়ন্ত্রণকে অস্বীকার করা।⁵ এটি সম্পদ এবং/অথবা স্বাধীন অর্থনৈতিক কার্যকলাপে তাদের অ্যাক্সেস বা নিয়ন্ত্রণে বাধা দিয়ে একজন ব্যক্তিকে অন্য ব্যক্তির উপর আর্থিকভাবে নির্ভরশীল হওয়ার কারণ করে বা করার চেষ্টা করে। এতে অর্থ প্রদানে অস্বীকার, আর্থিকভাবে অবদান রাখতে অস্বীকার, খাদ্য ও মৌলিক চাহিদা পূরণে অস্বীকার এবং স্বাস্থ্যসেবা বা কর্মসংস্থানের অ্যাক্সেস নিয়ন্ত্রণের মতো কাজগুলি অন্তর্ভুক্ত রয়েছে।

5 United Nations General Assembly, *In-Depth Study on All Forms of Violence against Women: Report of the Secretary-General, A/61/122/Add.1* (New York: United Nations, 2006).

3.1 How Violence is Measured

Studies show that women who experience violence do not always recognize their experience as violence, or if they do, they usually do not name or label the separate types of violence they experience. The experience of these different types of violence often overlaps and the acts are usually part of a ‘course of conduct’, a persistent pattern of conduct, composed of a series of acts over time, evidencing a continuity of purpose.

In the measurement of violence in surveys, however, we need to ‘operationalize’ violence; a process of defining difficult to measure concepts into measurable factors. In order to do so, intimate partner violence is broken down into the aforementioned ‘**types**’ and for each of these types of violence questions are formulated on a range of different specific behavioural ‘**acts.**’ Notably, these acts often vary across cultures. As a result, the standard list of acts outlined by the UN may need to be modified to better reflect local realities, as has been the case for the VAW surveys in Bangladesh.

Finally, in the survey questionnaire, terms like ‘violence’ or ‘abuse’ are avoided.

For instance, in the case of intimate partner physical violence, interviewers do not ask women directly about experiencing physical violence; instead, they inquire whether the women have experienced the following behavioral acts commonly associated with this type of violence:

Slapped, hit with fist, punched or thrown something at you that could hurt you?

Pushed you or shoved you or pulled your hair?

Threw acid intentionally?

Kicked you, dragged you or beat you up?

Choked you on purpose?

Threaten you with or actually used a gun, knife or any other weapon against you? Or threaten to throw acid?

Burnt you on purpose? (say, burnt you using hot spoon, cooking spud, utensil, threw hot water/ oil/ milk/ peas or any other hot liquid, burnt directly using fire)

Hit you with a stick or any other heavy things?

৩.১ সহিংসতা কীভাবে পরিমাপ করা হয়

বিভিন্ন গবেষণায় দেখা যায় যে, যেসব নারীরা সহিংসতার সম্মুখীন হন তারা সবসময় তাদের অভিজ্ঞতাকে সহিংসতা হিসাবে চিহ্নিত করেন না, বা করলেও তারা সাধারণত যে ধরনের সহিংসতার মুখোমুখি হন তা নির্দিষ্ট করে চিহ্নিত করেন না। বিভিন্ন ধরনের সহিংসতার অভিজ্ঞতার ক্ষেত্রে দেখা যায় যে সার্বভৌমভাৱে প্রায়ই একটি সহিংস আচরণকে আরেকটি সহিংস আচরণের সাথে মিলিয়ে ফেলেন। এছাড়া বিভিন্ন সহিংস ‘কাজ’গুলো সার্বভৌমভাৱের কাছে একটি আচরণের ধারার অংশ হিসেবে সাধারণত প্রকাশ পায় - যা উদ্দেশ্যমূলকভাবে সংঘটিত সহিংসতার ধারাবাহিকতাকেই নির্দেশ করে, অর্থাৎ এই আচরণগুলো পর্যায়ক্রমে বার বার ঘটে।

তবে জরিপে সহিংসতা পরিমাপের ক্ষেত্রে, সহিংসতাকে ‘অপারেশনলাইজ’ করতে হয়; এমন একটি প্রক্রিয়া হাতে নিতে হয় যাতে করে পরিমাপ করতে কঠিন এমন ধারণাগুলোকেও পরিমাপযোগ্য করে তোলা যায়। যেমন, জীবনসঙ্গী কর্তৃক সহিংসতাকে পূর্বে উল্লেখিত চারটি ‘প্রকার’-এ বিভক্ত করা হয়। পরবর্তীতে, এধরনের সহিংসতার প্রতিটির জন্য কিছু নির্দিষ্ট আচরণগত ‘কাজ’-কে আলাদা করা হয়, যে কাজগুলো দিয়ে নির্দিষ্ট প্রকারের সহিংসতা চিহ্নিত করা যায়। সেই আচরণগত কাজগুলো নিয়েই জরিপের প্রশ্ন প্রণয়ন করা হয়।

উল্লেখ্য যে, এই আচরণগত কাজগুলি প্রায়শই বিভিন্ন সংস্কৃতিতে বিভিন্ন রকম হয়। ফলস্বরূপ, স্থানীয় বাস্তুবতা বিবেচনায় নিলে জাতিসংঘের বর্ণিত আচরণের তালিকা জরিপের খাতিরে সংস্কৃতিভেদে সংশোধন করার প্রয়োজন হতে পারে, যেমনটি বাংলাদেশে নারীর প্রতি সহিংসতার জরিপের ক্ষেত্রে হয়েছে। পরিশেষে, জরিপের প্রশ্নাবলীতে ‘অত্যাচার’ বা ‘নির্যাতন’-এর মতো শব্দ বর্জন করা হয়েছে।

উদাহরণস্বরূপ, জীবনসঙ্গী বা স্বামী কর্তৃক সহিংসতার ক্ষেত্রে, সাক্ষাৎকারগ্রহণকারীরা শারীরিক সহিংসতার অভিজ্ঞতা সম্পর্কে নারীদের সরাসরি প্রশ্ন করেন না; এর পরিবর্তে, নারীরা এই ধরনের সহিংসতার সাথে সাধারণভাবে যুক্ত নিম্নোক্ত আচরণগুলির সম্মুখীন হয়েছেন কিনা সে বিষয়ে জিজ্ঞাসা করেন:

আপনাকে কি থাপ্পড়, কিল-ঘুষি বা মুষ্টি দিয়ে আঘাত করেছে বা এমন কিছু ছুঁড়ে মেরেছে যা আপনাকে আহত করতে পারে?

আপনাকে কি ধাক্কা বা ঠেলে দিয়েছে বা আপনার চুল ধরে টানাটানি করেছে?

ইচ্ছাকৃতভাবে কি এসিড নিক্ষেপ করেছে?

আপনাকে কি লাথি মেরেছে, টানা-হেঁচড়া করেছে বা মারধর করেছে?

ইচ্ছাকৃতভাবে কি শ্বাসরোধ করেছে?

পিস্তল, চাকু কিংবা কোনো অস্ত্র ঠেকিয়ে কি ভয় দেখিয়েছে বা দেখানোর চেষ্টা করেছে?

ইচ্ছাকৃতভাবে শরীরের কোথাও কি পুড়িয়ে দিয়েছে? (যেমন, গরম চামচ/খুস্তি/পাত্র দিয়ে ছাঁকা দিয়েছে, গরম পানি/তেল/দুধ বা তরল কিছু ঢেলে দিয়েছে, সরাসরি আগুন ধরিয়ে পুড়িয়ে দিয়েছে)

লাঠি বা ভারী কোনকিছু দিয়ে কি আঘাত করেছে?

3.2 Technology-facilitated gender-based violence (TFGBV)

For definition, please see above. It is important to note that TFGBV can take many forms, however, the 2024 VAW survey only measures the prevalence of a few acts related to the unwanted sending and receipt of sexual images or messages through electronic devices, and further provides insights into this form of violence through its qualitative component.

3.3 Cost of Violence

While survivors bear the highest burden of violence, there is also an economic toll borne by families, communities and national economies due to VAW. This survey, in particular, will only provide data on the out-of-pocket expenses incurred by individual women and their attendants (i.e. family members, close friends etc.) in the 12 months preceding the survey.

Out-of-pocket costs include seeking healthcare expenses, police fees, filing cases, court costs, transportation expenses, food, accommodation of both survivor and attendant/family member/s, days lost from paid work by both the woman and her attendant and replacement costs for property damage. The survey will not, however, account for the costs incurred by the government and non-government actors for health, legal, and judicial services, nor the costs paid by individuals over their lifetime.


৩.২ প্রযুক্তির সহায়তায় সংঘটিত জেভার ভিত্তিক সহিংসতা

সংজ্ঞা ইতিপূর্বে উল্লেখ করা হয়েছে। এটি লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে, TFGBV বা প্রযুক্তি ব্যবহার করে সংঘটিত জেভার ভিত্তিক সহিংসতা অনেকগুলি রূপ নিতে পারে। তবে, এই জরিপে শুধুমাত্র প্রযুক্তিগত বিভিন্ন ডিভাইসের মাধ্যমে সংবেদনশীল ব্যক্তিগত ছবি, বা অযাচিত অন্তরঙ্গ মেসেজ প্রদান এবং প্রাপ্তির সাথে সম্পর্কিত কয়েকটি মাত্র কার্যকলাপের ব্যাপকতা পরিমাপ করবে।

৩.৩ সহিংসতায় খরচ

সার্বভৌমত্বের সহিংসতার সর্বোচ্চ ক্ষতির শিকার হলেও, নারীর প্রতি সহিংসতার কারণে পরিবার, সমাজ এবং জাতীয় অর্থনীতিও আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। এই জরিপটি, বিশেষ করে, বিগত ১২ মাসে বা এক বছরে সহিংসতার সাথে সম্পৃক্ত নারী ও তার কাছের ব্যক্তিদের (পরিবার, নিকট বন্ধু ইত্যাদি) নিজস্ব পকেট থেকে খরচের তথ্য-উপাত্ত প্রদান করবে।

পকেট থেকে খরচের মধ্যে রয়েছে সাময়িক আবাসন খরচ, উভয়ের বেতনভুক্ত কাজ থেকে হারিয়ে যাওয়া দিন এবং সম্পত্তির ক্ষতি সামলানোর জন্য প্রতিস্থাপন খরচের পাশাপাশি স্বাস্থ্যসেবা খরচ, পুলিশ ফি, মামলা দায়ের ফি, আদালতের খরচ, যাতায়াত খরচ, খাবার খরচ প্রভৃতি। তবে, জরিপটি স্বাস্থ্য, আইনি এবং বিচারিক পরিষেবার জন্য সংশ্লিষ্ট সরকারি এবং বেসরকারি সংস্থাদের ব্যয়ের হিসাব যেমন করবে না, তেমনি সার্বভৌমত্বের জীবদ্দশায় সংঘটিত খরচের হিসাবও করবে না।



TERMINOLOGY RELATED TO REPORTING OF RESULTS

4.1 Prevalence

‘Prevalence’ is a central term used when presenting results of a survey on violence against women. The prevalence of violence against women refers to the proportion of women who have experienced violence as part of the population of women ‘at risk.’ Prevalence rates are thus based on counting people rather than events or incidents.

For some types of violence, such as sexual violence, all women may be considered to be ‘at risk.’ For others, such as intimate partner violence, only women who have, or have had, an intimate partner would be considered ‘at risk.’

▶ ‘Perpetrators’ is the commonly used term for persons who have used violence.

▶ ‘Report’ is used in the sense of having told the interviewer in the survey.

জরিপের ফলাফল সম্পর্কিত পরিভাষা

৪.১ ব্যাপকতা

নারীর প্রতি সহিংসতার উপর জরিপের ফলাফল উপস্থাপন করার সময় ‘ব্যাপকতা’ একটি গুরুত্বপূর্ণ প্রত্যয় হিসেবে ব্যবহার করা হয়। নারীর প্রতি সহিংসতার ব্যাপকতা বলতে মূলত মোট জনসংখ্যার ঝুঁকিতে থাকা নারীদের সেই সংখ্যাকে বোঝায় যারা সহিংসতার সম্মুখীন হয়েছেন। ব্যাপকতার হার ঘটনা বা ঘটনার সংখ্যার পরিবর্তে লোক গণনার উপর ভিত্তি করে নির্ধারিত হয়।

কিছু সহিংসতা রয়েছে, যেমন যৌন সহিংসতার ক্ষেত্রে, সকল নারীই ‘ঝুঁকিতে’ আছেন বলে বিবেচনা করা যেতে পারে। অন্যান্য সহিংসতা যেমন, জীবনসঙ্গী কর্তৃক সহিংসতার ক্ষেত্রে শুধুমাত্র সেসকল নারীই ঝুঁকিতে আছেন বলে বিবেচিত হবেন যারা বর্তমানে বিবাহিত, ইতিপূর্বে বিবাহ হয়েছে বা বিবাহ-বিচ্ছেদ হয়েছে।


- ▶ সহিংসতা ঘটানো ‘ব্যক্তি’ কে বোঝাতে সচরাচর পারপিট্রেটর বা নিপীড়ক শব্দ ব্যবহার করা হয়।
- ▶ রিপোর্ট বলতে জরিপের সাক্ষাৎকারগ্রহণকারীর কাছে সহিংসতার ঘটনা প্রকাশ করাকে বুঝানো হয়।

4.2 Incidence/Incidents/ Frequency

In epidemiology, 'incidence' refers to the number of new cases in a specific reference period. In crime studies, incidence of violence is generally measured as the number of assaults (incidents or events) per inhabitant.

In surveys on violence against women, the incidence rate refers to the number of times women experience violent events during a specific period, such as in one year (i.e. last 12 months), or lifetime.

However, in surveys on violence against women, the concept of incidence can be confusing when referring to intimate partner violence, where it is often not possible to speak of separate events because partner violence often manifests as a course of conduct, happening continuously. Discreet counts of events are rarely possible and it would be difficult to see these events as new cases. Despite this complexity, it is important to get a measure of the number of incidents or frequency. This is generally measured using categories like 'once', 'a few times' and 'many times', and could be seen as an approximate measure of the incidence rate.



৪.২ ঘটনা/ঘটনার পৌনঃপুনিকতা

এপিডেমোলজি বা রোগবিস্তার-সংক্রান্ত বিদ্যায়, ‘ঘটনা’ বলতে একটি নির্দিষ্ট সময়ের মধ্যে নতুন আক্রান্তের সংখ্যা বোঝায়। অপরাধ বিজ্ঞানে, সহিংসতার ঘটনা সাধারণত একটি নির্দিষ্ট এলাকার অধিবাসীদের উপর সংঘটিত আক্রমণের সংখ্যা (ঘটনা) হিসাবে পরিমাপ করা হয়।

নারীর প্রতি সহিংসতার উপর পরিচালিত জরিপে, ঘটনার হার বলতে একটি নির্দিষ্ট সময়ের মধ্যে নারীরা কতবার সহিংস ঘটনার সম্মুখীন হয়েছে তা বোঝায়, যেমন- এক বছরে (অর্থাৎ বিগত ১২ মাস), বা জীবদ্দশায়।

তারপরও, নারীর প্রতি সহিংসতা জরিপে, জীবনসঙ্গী কর্তৃক সহিংসতার ধারণাটি বিভ্রান্তিকর বা অস্পষ্ট হতে পারে। কারণ, জীবনসঙ্গী কর্তৃক সহিংসতার ঘটনাগুলো সবসময় পৃথকভাবে চিহ্নিত করা যায় না, কেননা এটি সাধারণত প্রতিনিয়তই ঘটতে থাকে। সহিংসতার সংখ্যা নির্দিষ্ট করে পরিমাপ করা প্রায়ই অসম্ভব এবং সহিংসতার ঘটনাকে নতুন কেস হিসাবে গণ্য করা বেশ কষ্টসাধ্য হয়। এসব জটিলতা সত্ত্বেও, সহিংসতার ঘটনার সংখ্যা বা মাত্রার একটি পরিমাপ পাওয়া গুরুত্বপূর্ণ। এটি সাধারণত ‘একবার’, ‘কয়েকবার’ এবং ‘অনেকবার’-এরকম ধরন ব্যবহার করে পরিমাপ করা হয় এবং ঘটনা সংঘটিত হবার হারকে একটি আনুমানিক হিসাবে পরিমাপ করে দেখা যেতে পারে।

4.3 Reference Periods for Experience of Violence

Prevalence rates usually give the proportions of women who have been subjected to violence since age 15 ('lifetime' or 'ever') or during the last 12 months (also sometimes called 'prevalence rate of current violence').

The box below summarizes how to interpret and use these two most commonly used reference periods for violence statistics:

12 Months	Lifetime
<p>The 12-month prevalence rate shows the proportion of women who experienced one or more acts of violence in the previous 12 months, and is thus near to time of measurement. It is also known as the current rate of violence as it represents a proxy measure for what is happening now (at the time of the survey).</p> <p>It includes violence that has just started as well as violence that could have been going on for many years. It could have stopped in the past 12 months or still be on-going at the time of measurement, as long as it took place in this 12-month period.</p> <p>SDG indicators 5.2.1 and 5.2.2 are both 12-month prevalence rates.</p>	<p>The lifetime prevalence rate shows us the proportion of women who ever experienced one or more acts of violence at any time in their life. By definition, it includes women who are also measured in 12-month prevalence.</p> <p>As with 12-month prevalence, it does not tell us how long it lasted or how often it occurred, it just tells us if it ever happened, even if it was only once. Women are also asked about the frequency of violence.</p> <p>Lifetime rates for intimate partner violence extend to any age that she had begun a relationship with an intimate partner/husband.</p> <p>For non-partner violence, lifetime rates refer to violence that occurred from the age of 15.</p>

৪.৩ সহিংসতা অভিজ্ঞতার রেফারেন্স সময়কাল

ব্যাপকতার হার সাধারণত ১৫ বছর বয়স থেকে জীবদ্দশায় অথবা বিগত ১২ মাসে (কখনো কখনো এটিকে বর্তমানে সহিংসতার ব্যাপকতার হারও বলা হয়) সহিংসতার শিকার হয়েছে এমন নারীদের অনুপাত নির্দেশ করে।

সহিংসতার পরিসংখ্যানের জন্য এই দুটি সর্বাধিক ব্যবহৃত রেফারেন্স সময়কে কীভাবে ব্যাখ্যা করতে হয় তা নিম্নে সংক্ষেপে তুলে ধরা হল:

১২ মাস	জীবদ্দশা
<p>বিগত ১২-মাসের ব্যাপকতার হার দেখায় বিগত ১২ মাসে কতজন নারী এক বা একাধিকবার সহিংসতার সম্মুখীন হয়েছে, অর্থাৎ জরিপটি করার কাছাকাছি সময়ে নারীদের সহিংসতার অভিজ্ঞতা সম্পর্কে আলোকপাত করে। এটি সহিংসতার বর্তমান হার হিসাবেও পরিচিত কারণ এটি এখন যা ঘটছে (জরিপের সময়) তার জন্য একটি প্রক্সি পরিমাপ উপস্থাপন করে।</p> <p>এর মধ্যে সবেমাত্র শুরু হওয়া সহিংসতার সাথে সাথে বহু বছর ধরে চলে আসা সহিংসতাও আছে। যেহেতু এটি বিগত ১২ মাস সময়ের মধ্যে সংঘটিত হয়েছে তাই এটি পরিমাপের সময় চলমানও থাকতে পারে আবার বন্ধও হয়ে যেতে পারে।</p> <p>SDG সূচক ৫.২.১ এবং ৫.২.২ উভয়ই বিগত ১২-মাসের সহিংসতার ব্যাপকতার হার নির্দেশ করে।</p>	<p>জীবদ্দশায় সংঘটিত ব্যাপকতার হার দেখায় কত সংখ্যক নারী তাদের জীবনে যে কোনো সময়ে এক বা একাধিক সহিংসতার সম্মুখীন হয়েছে। সংজ্ঞা অনুসারে, এটি এমন নারীদেরকেও অন্তর্ভুক্ত করে যারা বিগত ১২ মাসের মধ্যে সহিংসতার শিকার হয়েছে।</p> <p>বিগত ১২ মাসের প্রাদুর্ভাবের মতোই, সহিংসতা কতক্ষণ স্থায়ী হয়েছিল বা কতবার ঘটেছে তা নির্দেশ করে না, বরং এটি একবার ঘটলেও তা কখনও ঘটেছে কিনা নির্দেশ করে। এছাড়াও নারীদেরকে সহিংসতার পৌনঃপুনিকতা সম্পর্কেও জিজ্ঞাসা করা হয়।</p> <p>জীবনসঙ্গী কর্তৃক সহিংসতার জন্য আজীবন হার জীবনসঙ্গী/স্বামীর সাথে সম্পর্ক শুরু থেকে যে কোনো বয়স পর্যন্ত সময়কে নির্দেশ করে।</p> <p>নন-পার্টনার সহিংসতার জন্য, আজীবন হার ১৫ বছর বয়স হতে ঘটে যাওয়া সহিংসতাকে নির্দেশ করে।</p>

TERMINOLOGY ON 'GENDER,' 'SEX,' 'NORMS' AND OTHERS

5.1 Gender

'Gender' refers to the norms, roles and social relations between men and women. It is socially constructed. Gender roles are learned, changeable over time and vary widely both within and between cultures. Gender is a socio-economic variable to analyze roles, responsibilities, constraints, opportunities and needs of men and women in any context.

5.2 Gender Roles

These are learned behaviours in a given society/community or other social group that condition which activities, tasks and responsibilities are perceived as masculine or feminine. Gender roles are affected by age, class, race, ethnicity, religion and ideology, and also by the geographical, economic and political environment. Changes in gender roles often occur in response to changing economic, natural or political circumstances, including development efforts or macro-economic policies, or other forces both national and international. The gender roles of men and women within a given social context may be flexible or rigid, similar or different, and complementary or conflicting.

জেডার, সেক্স, নর্মস এবং অন্যান্য পরিভাষা

৫.১ জেডার

জেডার বলতে নারী ও পুরুষের মধ্যে আচরণ, চর্চা, নর্ম এবং সামাজিক সম্পর্ক বোঝায়। এটি সামাজিকভাবে প্রতিষ্ঠিত। জেডার রোল মূলত শেখা হয় যা সময়ের সাথে সাথে নির্দিষ্ট সংস্কৃতির মধ্যে এবং একাধিক সংস্কৃতির মধ্যকার ভিন্নতার উপর ভিত্তি করে পরিবর্তনশীল। যেকোনো প্রেক্ষাপটে নারী ও পুরুষের ভূমিকা, দায়িত্ব, সীমাবদ্ধতা, সুযোগ এবং চাহিদা বিশ্লেষণ করার অন্যতম উপায় হল জেডার।

৫.২ জেডার রোল

এগুলো মূলত একটি নির্দিষ্ট সমাজে/সম্প্রদায়ে বা অন্যান্য সামাজিক গোষ্ঠীতে শেখা আচরণ যা দ্বারা ঐ সমাজ/সম্প্রদায়ের কার্যকলাপ, কাজ এবং দায়িত্বসমূহের কোনটি পুরুষ আর কোনটি নারীর দ্বারা পালনীয় হবে তা বিবেচনা করা হয়। জেডার রোল বয়স, শ্রেণি, জাতি, নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য, ধর্ম ও মতবাদ চর্চা এমনকি ভৌগোলিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক পরিবেশ দ্বারাও প্রভাবিত হয়। উন্নয়ন বা সামষ্টিক-অর্থনৈতিক নীতি কিংবা জাতীয় ও আন্তর্জাতিক প্রভাবসহ অর্থনৈতিক, প্রাকৃতিক বা রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তনের কারণে জেডার রোলও প্রায়ই পরিবর্তন ঘটতে পারে। একটি নির্দিষ্ট সামাজিক প্রেক্ষাপটে পুরুষ এবং নারীর জেডার রোল নমনীয় বা অনমনীয়, একই রকম বা ভিন্নরকম এবং পরিপূরক বা বিরোধপূর্ণ হতে পারে।

5.3 Gender Norms

Gender norms are learned in childhood through socialization and reflect and perpetuate inequitable power relations that are often disadvantageous to women and girls. Gender norms are the social rules and expectations that keep the gender system in place which assigns resources, roles, power and entitlements based on whether a person or practice is perceived to be male or female, masculine or feminine. The different roles and behaviours of females and males, and of children as well as adults, are shaped and reinforced by gender norms within society.

Gender norms are shaped by a variety of factors, including religion, culture, class, race, sexuality, age and others. For instance, the norms for women and men in one caste may differ from those in another, or what is considered socially acceptable for young women may not be acceptable for elderly women.

5.4 Sex

The term 'sex' refers to biologically and genetically determined differences between men and women that are generally permanent and universal.

5.5 Masculinities

This refers to the different notions of what it means to be a man, including ideals about men's characteristics, roles and identities, which are constructed based on cultural and social factors and which change over time.

৫.৩ জেডার নর্মস

জেডার নর্মস মানুষ শিশুকাল থেকেই সামাজিকীকরণের মাধ্যমে শিখে এবং প্রায়শই এই নর্মসগুলো নারী ও মেয়েদের জন্য ক্ষতিকর এমন অসম ক্ষমতার সম্পর্ক বা চর্চা কে বজায় রাখে। জেডার নর্মসগুলি হল সামাজিক নিয়ম এবং প্রত্যাশা যা জেডার ব্যবস্থাকে ঠিক রাখে; এটি ব্যক্তির পুরুষ বা নারী পরিচয়ের উপর ভিত্তি করে তার সম্পদ, ভূমিকা, ক্ষমতা এবং অধিকার নির্ধারণ করে। সমাজে নারী-পুরুষ এবং শিশুদের পাশাপাশি প্রাপ্তবয়স্কদের বিভিন্ন ভূমিকা এবং আচরণ কেমন হবে তা জেডার নর্মস দ্বারা সুদৃঢ়ভাবে গঠিত।

জেডার নর্মসগুলো সাধারণত ধর্ম, সংস্কৃতি, শ্রেণি, জাতি, যৌন পরিচয়, বয়স এবং অন্যান্য বিভিন্ন নিয়ামক দ্বারা গঠিত হয়। উদাহরণস্বরূপ, এক বর্ণের নারী ও পুরুষের নর্মস অন্য বর্ণের থেকে ভিন্ন হতে পারে, বা যুবতী নারীদের জন্য সামাজিকভাবে যা গ্রহণযোগ্য বলে বিবেচিত হয় তা বয়স্ক নারীদের জন্য গ্রহণযোগ্য নাও হতে পারে।

৫.৪ সেক্স

সেক্স বলতে নারী ও পুরুষের মধ্যে জৈবিক এবং জিনগতভাবে নির্ধারিত পার্থক্যগুলিকে বোঝায় যা সাধারণত অপরিবর্তনশীল এবং সর্বজনীন।

৫.৫ পৌরষ

এটি মূলত একজন পুরুষ হওয়ার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন ধারণাকে বোঝায়, যার মধ্যে পুরুষের জন্য আদর্শ কিছু বৈশিষ্ট্য ও দায়িত্ব পালন রয়েছে; এগুলো সাংস্কৃতিক এবং সামাজিক কারণের উপর ভিত্তি করে নির্মিত হয় এবং সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়।

5.6 Attitudes, Beliefs, Behaviors, Norms

The RESPECT framework, developed by the World Health Organization and UN Women (2020), provides a concise overview of these terms, as follows:⁶

Belief = a person's assumption about the world (e.g. women naturally need to be guided by men)

Value = what qualities a person feels are important (e.g. equality, honesty, loyalty)

Attitude = the way a person communicates or expresses their beliefs and values in words (e.g. I think it is fine to make decisions for my wife)

Behaviour = what a person actually does, which often aligns with their beliefs and values but not always (e.g. a man hitting his wife because she chooses to make decisions for herself)

Norm = shared belief about what is typical and appropriate within a cultural or social group (e.g. a husband can discipline his wife)

⁶ UN Women and World Health Organization, *RESPECT Women: Preventing Violence against Women—Implementation Package* (2020)

৫.৬ মনোভাব, বিশ্বাস, আচরণ, নর্মস

বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও ইউএন উইমেনের RESPECT ফ্রেমওয়ার্কে সংক্ষিপ্তভাবে এই পরিভাষাগুলোকে নিম্নোক্তভাবে সংজ্ঞায়িত করেছে:⁶

বিশ্বাস = পারিপার্শ্বিক জগৎ সম্পর্কিত কোন বিষয়ে একজন ব্যক্তির অনুমান বা ধারণা (যেমন নারীদের স্বাভাবিকভাবেই পুরুষদের দ্বারা পরিচালিত হতে হবে)

মূল্যবোধ = একজন ব্যক্তি কোন গুণগুলিকে গুরুত্বপূর্ণ মনে করেন (যেমন সমতা, সততা, আনুগত্য)

মনোভাব = একজন ব্যক্তি যেভাবে কথায় কথায় তার বিশ্বাস এবং মূল্যবোধ প্রকাশ করেন বা প্রচার করেন (যেমন আমি মনে করি আমার স্ত্রীর জন্য আমি সিদ্ধান্ত নিলেই চলবে।)

আচরণ = একজন ব্যক্তি আসলে আরেকজন ব্যক্তির সাথে কী করেন, যা প্রায়শই তার বিশ্বাস ও মূল্যবোধের উপরে প্রতিষ্ঠিত। (যেমন- একজন পুরুষ তার স্ত্রীর উপর আঘাত করেছে কারণ তার স্ত্রী নিজেই নিজের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে থাকে)।

নর্ম = একটি সংস্কৃতি বা সামাজিক গোষ্ঠীর মধ্যে লোকেরা যা সাধারণত করে এবং যা করা উচিত বলে বিশ্বাস করে (যেমন- একজন স্বামী তার স্ত্রীকে শাসন করতে পারেন)।

⁶ UN Women and World Health Organization, *RESPECT Women: Preventing Violence against Women—Implementation Package* (2020)

